


# রফিকুলের জিপিএ-৫! পরীক্ষা দিয়েছেন পায়ে লিখে

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৭:৪৬, ১২ মে ২০২৪



অদম্য রফিকুল ইসলাম রাবিব

এখন শারীরিকভাবে সুস্থ না থাকলেও একটা সময় সম্পূর্ণ ঠিক ছিল রফিকুল। চট্টোগ্রামের এই অদম্য তরুন এক দৃষ্টিভঙ্গিতে তার দুই হাত হারিয়ে ফেলেন।

UNIBOTS

হাত না থাকা স্বত্বেও থেমে যায় নি রফিকুল। পা দিয়ে লিখে এসএসসি পরীক্ষা দিয়েছিল সে। এই তরুন চট্টোগ্রামের সীতাকুণ্ডের অদম্য রফিকুল ইসলাম রাবিব।

রাবিব হাজী তোবারাক আলী উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল।

রবিবার (১২ মে) চট্টোগ্রাম শিক্ষাবোর্ড থেকে প্রকাশিত হয় এসএসসি ফলাফল। দেখা যায়, রাবিব এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে।

ভাটিয়ারী ইউনিয়নের বজলুর রহমানের ছেলে রফিকুল ইসলাম রাব্বি। ২০১৬ সালের ৫ অক্টোবর পঞ্চম শ্রেণির ছাত্রাবস্থায় স্কুল থেকে ভাটিয়ারী বাজারে ফুট ওভারব্রিজের ওপর দিয়ে যাওয়ার বৈদ্যুতিক তারে জড়িয়ে তার দুই হাত হারায়।

এরপর শুরু হয় রাব্বির যুদ্ধ। প্রথমে মুখ দিয়ে ও পরে পা দিয়ে লেখা আয়ত্ত্ব করে। দমে যায় নি রাব্বি। শারীরিকভাবে সম্পূর্ণ না থাকলেও তার মনোবল ছিল দৃঢ়। যা তার সফলতার মূল কারণ।

রাব্বি জানায়, আমি শারীরিক প্রতিবন্ধী। তবে মনোবল অটুট ছিল। মানুষের দোয়া ও ভালোবাসায় আমি ভালো ফলাফল করেছি। ভবিষ্যতে শিক্ষক হতে চাই।

রাব্বির বাবা বজলুর রহমান বলেন, আল্লাহর কাছে শুকরিয়া। আমার ছেলে কঠোর পরিশ্রম করেছে, জিপিএ-৫ পেয়েছে।

ভাটিয়ারী হাজী তোবারক আলী উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কান্তি লাল আচার্য বলেন, শারীরিক প্রতিবন্ধী হওয়ার পরও রাব্বি অন্যান্য শিক্ষার্থীদের চেয়ে ভালো ফলাফল করেছে। পা দিয়ে লিখে পরীক্ষা দিয়েছে। বিত্তবানরা যেন তার পড়ালেখায় সহযোগিতা করে, সেটাই প্রত্যাশা।

উল্লেখ্য, চট্টগ্রাম শিক্ষাবোর্ডে এবারের এসএসসি পরীক্ষায় পাসের হার ৮২ দশমিক ৮০ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ১০ হাজার ৮২৩ জন। যা গতবার ছিল ১১ হাজার ৪৫০ জন। গতবারের তুলনায় এবার পাসের হার বেড়েছে ও জিপিএ কমেছে।